



সম্পত্তি হস্তান্তর আইন নিয়ে বিতর্ক সৃষ্টি করা হচ্ছে: আইনমন্ত্রী



আইনমন্ত্রী আসাদুজ্জামান | ছবি: সংগৃহীত

সম্পত্তি হস্তান্তর আইন নিয়ে একটি পক্ষ বিতর্ক সৃষ্টি করার চেষ্টা করছে বলে মন্তব্য করেছেন আইনমন্ত্রী মো. আসাদুজ্জামান।

শনিবার (১২ সেপ্টেম্বর) বিকেলে যশোর পিটিআই মিলনায়তনে মাইক্রোফ্রিডেট রেগুলেটরি অথরিটি আয়োজিত চাকরি মেলায় তিনি এ কথা বলেন।

আইনমন্ত্রী বলেন, বৃদ্ধ মা-বাবার সুরক্ষা নিশ্চিত করতেই আইনে সংশোধনী আনা হয়েছে। সরকার মানুষের কল্যাণের লক্ষ্যেই বিভিন্ন উদ্যোগ নিয়ে বলেও মন্তব্য করেন তিনি।

তিনি আরও বলেন, দেশের অর্থনৈতিক অগ্রগতি ও কর্মসংস্থান বাড়াতে ক্ষুদ্রঋণ খাত গুরুত্বপূর্ণ ভূমিকা রাখছে। এ খাত তরুণদের কর্মসংস্থানের সুযোগ তৈরির পাশাপাশি মানুষের আর্থসামাজিক উন্নয়নেও অবদান রাখার সুযোগ রয়েছে।

LENS ASIA